অতীব জরুরী
নির্বাচন অগ্রাধিকার

নির্বাচন কমিশন সচিবালয়

শেরে বাংলা নগর, ঢাকা

১২ মে ২০১০

নং নিকস/পৌর-১/সিঃক ঃ পরিঃ/১(১)/২০০৮/৬০ তারিখ ঃ -----------------

২৯ বৈশাখ ১৪১৭

প্রেরক ঃ **সৈয়দ মোঃ খুরশিদ আনোয়ার**
উপ সচিব (পৌর)

প্রাপক ঃ **বেগম জেসমিন টুলী, উপ-সচিব**
এবং
রিটার্নিং অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন

পরিপত্র -১

বিষয় ঃ **চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে নির্বাচনী সময়সূচী ও মনোনয়নপত্র আহবানের গণবিজ্ঞপ্তি জারী, মনোনয়নপত্র দাখিল, বাছাই, প্রার্থিতা প্রত্যাহার এবং রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার ও আপীল কর্তৃপক্ষ নিয়োগ ইত্যাদি প্রসংগে**

মহোদয়,

নির্দেশিত হইয়া চট্টগ্রাম সিটি কর্পোরেশন মেয়র, সংরক্ষিত মহিলা আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে সাধারণ নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য নির্বাচনী সময়সূচী, মনোনয়নপত্র আহবানের গণবিজ্ঞপ্তি জারী, মনোনয়নপত্র দাখিল, মনোনয়নপত্র বাছাই, প্রার্থিতা প্রত্যাহার, রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার ও আপীল কর্তৃপক্ষ নিয়োগ সংক্রান্ত বিষয়ে বিভিন্ন নির্দেশাবলী নিম্নে উল্লেখ করা হইল ঃ

০১। **নির্বাচনী সময়সূচী** ঃ স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে নির্বাচন কমিশন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত মহিলা আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে সাধারণ নির্বাচন অনুষ্ঠানের জন্য ১১ মে ২০১০ তারিখে জারীকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে নিম্নেবর্ণিত সময়সূচী সরকারী গেজেট প্রকাশ করিয়াছে ঃ

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ	ঃ	২০ মে ২০১০ .... (বৃহস্পতিবার) ০৬ জ্যৈষ্ঠ ১৪১৭
(খ)	মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	ঃ	২২ মে ২০১০ ও ২৩ মে ২০১০ .... (শনিবার ও রবিবার) ০৮ জ্যৈষ্ঠ ১৪১৭ ও ০৮ জ্যৈষ্ঠ ১৪১৭
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	ঃ	০১ জুন ২০১০ .... (মঙ্গলবার) ১৮ জ্যৈষ্ঠ ১৪১৭
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	ঃ	১৭ জুন ২০১০ .... (বৃহস্পতিবার) ০৩ আষাঢ় ১৪১৭

০২। **<u>রিটার্নি অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ</u>** ঃ বিধিমালার ৫ বিধি অনুসারে নির্বাচন কমিশন আপনাকে উল্লিখিত নির্বাচন পরিচালনার জন্য রিটার্নিং অফিসার নিয়োগ করিয়াছে এবং উল্লিখিত নির্বাচন অনুষ্ঠান পরিচালনায় আপনাকে সহায়তাদানের জন্য সহকারী রিটার্নিং অফিসারও নিয়োগ করিয়াছে (প্রজ্ঞাপনের অনুলিপি সংযোজিত)।

০৩। **<u>প্রকাশ্য স্থানে সময়সূচীর বিজ্ঞপ্তি জারী</u>** ঃ নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য নির্বাচনী সময়সূচী সম্বলিত বিজ্ঞপ্তির অনুলিপি আপনার নিকট প্রেরণ করা হইল যাহা আপনি বিধিমালার ১০(২) বিধির প্রয়োজন অনুসারে আপনার কার্যালয়, সিটি কর্পোরেশনের কার্যালয়, সংশ্লিষ্ট ওয়ার্ড কার্যালয় এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে জারী করিবেন।

০৪। **<u>মনোনয়নপত্র আহবানের গণবিজ্ঞপ্তি</u>** ঃ নির্বাচনের সময়সূচীর বিজ্ঞপ্তি জারীর সাথে সাথে আপনি বিধিমালার বিধি **১১** অনুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র এবং সংরক্ষিত ওয়ার্ডের কাউন্সিলর ও সাধারণ ওয়ার্ডের কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের আহবান জানাইয়া গণবিজ্ঞপ্তি জারী করিবেন। উক্ত গণবিজ্ঞপ্তিতে যে তারিখ এবং সময়ে মনোনয়নপত্র আপনার নিকট দাখিল করা হইবে তাহা উল্লেখ করিবেন। **<u>উল্লেখ্য প্রার্থী কর্তৃক মনোনয়নপত্র দাখিলের প্রাক্কালে মনোনয়নপত্রের সহিত বিধি ৪৮ অনুযায়ী সম্ভাব্য নির্বাচনী ব্যয় এবং উৎসের বিবরণী সম্বলিত ফরম-'ঢ'ও দাখিল করিতে হইবে।</u>** আরো উল্লেখ্য যে, মনোনয়নপত্র দাখিলের নির্ধারিত তারিখে সকাল ৯টা হইতে বিকাল ৫টা পর্যন্ত সময়কালে আপনার কার্যালয়ে মনোনয়নপত্র গ্রহণ করিবেন। গণ-বিজ্ঞপ্তির একটি নমুনা পরিশিষ্ট 'ক'-তে উল্লেখ করা হইল।

০৫। **<u>রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিল</u>** ঃ বিধিমালার **১২** বিধির (৫) উপ-বিধি অনুসারে মনোনয়নপত্র প্রার্থী নিজে অথবা তাহার প্রস্তাবক অথবা তাহার সমর্থক রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে পারিবেন। মনোনয়নপত্র দাখিলের পর পরই রিটার্নিং অফিসার দাখিলের দিন ও সময় উল্লেখ করিয়া রসিদ প্রদান করিবেন। উক্ত রসিদের নমুনা মনোনয়নপত্রের সহিত সংযোজিত রহিয়াছে।

০৬। **<u>আপীল কর্তৃপক্ষ নিয়োগ</u>** ঃ বিধিমালার বিধি **১৪**(৪) এর অধীনে যে প্রার্থীর মনোনয়নপত্র রিটার্নিং অফিসার কর্তৃক বাতিল বা ক্ষেত্রমতে গ্রহণ করা হইয়াছে সেই প্রার্থী বা ক্ষেত্রমত কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের কোন কর্মকর্তা **১৫**(**১**) বিধি অনুযায়ী মনোনয়নপত্র বাছাইয়ের তারিখের ০৩(তিন) দিনের মধ্যে উক্ত বাতিলাদেশ বা ক্ষেত্রমতে গ্রহণের বিরুদ্ধে নির্বাচন কমিশন কর্তৃক বিধি **১৫**(৩) অনুযায়ী নিযুক্ত আপীল কর্তৃপক্ষের নিকট আপীল দায়ের করিতে পারিবেন। তদুদ্দেশ্যে নির্বাচন কমিশন বিধিমালার ১৫ বিধির (৩) উপ-বিধি অনুযায়ী বিভাগীয় কমিশনার, চট্টগ্রামকে আপীল কর্তৃপক্ষ নিয়োগ করিয়া প্রজ্ঞাপন জারী করিয়াছে (কপি সংযুক্ত)।

০৭। **<u>প্রার্থী হইবার যোগ্যতা ও প্রার্থী হইবার বা থাকিবার অযোগ্যতা সম্বলিত বিধানের উদ্ধৃতাংশ প্রেরণ</u>** ঃ সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত মহিলা আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে সাধারণ নির্বাচন অনুষ্ঠানের কার্যক্রম গ্রহণ ও পরিচালনার সুবিধার্থে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এ বর্ণিত প্রার্থী হইবার যোগ্যতা ও অযোগ্যতা সম্বলিত বিধানের উদ্ধৃতাংশ এতদ্‌সংগে সংযুক্ত করা হইল।

০৮। এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হইল ।

বিনীত

সংলগ্নী ঃ <u>উপরে বর্ণিত</u>

(সৈয়দ মোঃ খুরশিদ আনোয়ার)
উপ সচিব (পৌর)
ফোন ঃ ৮১১ ৬০ ২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বংগভবন, ঢাকা
৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সংস্থাপন মন্ত্রণালয়/ অর্থ মন্ত্রণালয়/ যোগাযোগ মন্ত্রণালয়/ তথ্য মন্ত্রণালয়/ নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৬. মহা-পুলিশ পরিদর্শক, ঢাকা
৭. মহা-পরিচালক, বি,ডি,আর, পিলখানা, ঢাকা
৮. মহা-পরিচালক, আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও আপীল কর্তৃপক্ষ
১০. যুগ্ম-সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, চট্টগ্রাম
১২. উপ-সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. উপ-সচিব (নির্বাচন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. পরিচালক, নির্বাচনী প্রশিক্ষন ইনস্টিটিউট, ঢাকা
১৫. পুলিশ সুপার, চট্টগ্রাম
১৬. উপ-নির্বাচন কমিশনার, চট্টগ্রাম
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারদ্বয় ও সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা *(মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারদ্বয় ও সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)*
১৯. জেলা নির্বাচন অফিসার, ...(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২০. থানা নির্বাচন অফিসার, ... (সংশ্লিষ্ট)
২১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ... (সংশ্লিষ্ট থানা)
২২. নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং প্রকল্পসমূহের সকল কর্মকর্তা।

(মোঃ আবদুল বাতেন)
সিনিয়র সহকারী সচিব (পৌর-১)
ফোন ঃ ৮১২ ৩৬ ৫৮

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

নং-নিকস/পৌর-১/সিংকঃ পরিঃ/১(১)/অংশ/২০০৯-১০/৫৩ তারিখ ঃ ১১ মে ২০১০ / ২৮ বৈশাখ ১৪১৭

প্রজ্ঞাপন

নং-নিকস/পৌর-১/সিংকঃ পরিঃ/১(১)/অংশ/২০০৯-১০/৫৩।- স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী নির্বাচন কমিশন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচনের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত সময়সূচী ঘোষণা করিতেছে ঃ

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ	ঃ	২০ মে ২০১০ (বৃহস্পতিবার) ০৬ জৈষ্ঠ্য ১৪১৭
(খ)	মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	ঃ	২২ মে ২০১০ ও ২৩ মে ২০১০ (শনিবার ও রবিবার) ০৮ জৈষ্ঠ্য ১৪১৭ ও ০৯ জৈষ্ঠ্য ১৪১৭
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	ঃ	০১ জুন ২০১০ (মঙ্গলবার) ১৮ জৈষ্ঠ্য ১৪১৭
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	ঃ	১৭ জুন ২০১০ (বৃহস্পতিবার) ০৩ আষাঢ় ১৪১৭

নির্বাচন কমিশনের আদেশক্রমে-

(মিহির সারওয়ার মোর্শেদ)
উপ-সচিব (নির্বাচন)
ফোন ঃ ০২-৮১১৬৩৭৭

প্রাপক উপ-নিয়ন্ত্রক বাংলাদেশ সরকারী মুদ্রণালয় তেজগাঁও, ঢাকা	অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং ৫০০ (পাঁচশত) কপি গেজেট বিজ্ঞপ্তি সরকারী কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল ঃ

২৩. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৪. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২৫. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বংগভবন, ঢাকা
২৬. সচিব, স্থানীয় সরকার বিভাগ/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সংস্থাপন মন্ত্রণালয়/ অর্থ মন্ত্রণালয়/ যোগাযোগ মন্ত্রণালয়/ তথ্য মন্ত্রণালয়/ নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২৭. প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
২৮. মহা-পুলিশ পরিদর্শক, ঢাকা
২৯. মহা-পরিচালক, বি,ডি,আর, পিলখানা, ঢাকা
৩০. মহা-পরিচালক, আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা
৩১. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও আপীল কর্তৃপক্ষ
৩২. যুগ্ম-সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৩. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, চট্টগ্রাম
৩৪. উপ-সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৫. উপ-সচিব (নির্বাচন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৩৬. পরিচালক, নির্বাচনী প্রশিক্ষন ইনস্টিটিউট, ঢাকা
৩৭. পুলিশ সুপার, চট্টগ্রাম
৩৮. উপ-নির্বাচন কমিশনার, চট্টগ্রাম
৩৯. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৪০. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারদ্বয় ও সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা *(মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারদ্বয় ও সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)*
৪১. **জেলা নির্বাচন অফিসার, ...(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার**
৪২. থানা নির্বাচন অফিসার, ... (সংশ্লিষ্ট)
৪৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ... (সংশ্লিষ্ট থানা)
৪৪. নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং প্রকল্পসমূহের সকল কর্মকর্তা

(মোঃ আবদুল বাতেন)
সিনিয়র সহকারী সচিব (পৌর-১)
ফোনঃ ০২-৮১২৩৬৫৮

C:\Documents and Settings\ict.ECCDS\Desktop\New Folder\CTG_PORIPATRA-1.doc

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

নং-নিকস/পৌর-১/সিঃকঃ পরিঃ/১(১)/অংশ/২০০৯-১০/৫৪

১১ মে ২০১০
তারিখ ঃ ....
২৮ বৈশাখ ১৪১৭

বিজ্ঞপ্তি

নং-নিকস/পৌর-১/সিঃকঃ পরিঃ/১(১)২০০৮/৫৪।- স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা নিম্নেবর্ণিত তফসিলের ১নং কলামে উল্লিখিত সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর নির্বাচন পরিচালনার নিমিত্তে ২নং ও ৩নং কলামে উল্লিখিত কর্মকর্তাগণকে যথাক্রমে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করিতেছে ঃ

তফসিল

সিটি কর্পোরেশনের নাম	রিটার্নিং অফিসার	সহকারী রিটার্নিং অফিসার
১	২	৩
চট্টগ্রাম	বেগম জেসমিন টুলী উপ-সচিব নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা	(১) জনাব মোঃ দুলাল তালুকদার, জেলা নির্বাচন অফিসার-১, চট্টগ্রাম
		(২) জনাব ফরহাদ হোসেন, জেলা নির্বাচন অফিসার-২, চট্টগ্রাম
		(৩) সৈয়দ আমিরুর ইসলাম, জেলা নির্বাচন অফিসার, কক্সবাজার
		(৪) জনাব মোঃ শাহেদুন্নবী চৌধুরী, জেলা নির্বাচন অফিসার-১, কুমিল্লা
		(৫) জনাব খোরশেদ আলম, জেলা নির্বাচন অফিসার, লক্ষীপুর
		(৬) জনাব মিছবাহ উদ্দিন আহমদ, জেলা নির্বাচন অফিসার-১, চাঁদপুর
		(৭) জনাব রাশেদুল ইসলাম, জেলা নির্বাচন অফিসার-১, কিশোরগঞ্জ

নির্বাচন কমিশনের আদেশক্রমে-

(মিহির সারওয়ার মোর্শেদ)
উপ-সচিব (নির্বাচন)
ফোন ঃ ০২-৮১১৬৩৭৭

প্রাপক
উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং ৫০০ (পাঁচশত) কপি গেজেট বিজ্ঞপ্তি সরকারী কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল ঃ

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বংগভবন, ঢাকা
৪. সচিব, স্থানীয় সরকার বিভাগ/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সংস্থাপন মন্ত্রণালয়/ অর্থ মন্ত্রণালয়/ যোগাযোগ মন্ত্রণালয়/ তথ্য মন্ত্রণালয়/ নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৬. মহা-পুলিশ পরিদর্শক, ঢাকা
৭. মহা-পরিচালক, বি,ডি,আর, পিলখানা, ঢাকা
৮. মহা-পরিচালক, আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও আপীল কর্তৃপক্ষ
১০. যুগ্ম-সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১১. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, চট্টগ্রাম
১২. উপ-সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. উপ-সচিব (নির্বাচন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৪. পরিচালক, নির্বাচনী প্রশিক্ষন ইনস্টিটিউট, ঢাকা
১৫. পুলিশ সুপার, চট্টগ্রাম
১৬. উপ-নির্বাচন কমিশনার, চট্টগ্রাম
১৭. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৮. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারদ্বয় ও সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা *(মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারদ্বয় ও সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)*
১৯. **জেলা নির্বাচন অফিসার, ...(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার**
২০. থানা নির্বাচন অফিসার, ... (সংশ্লিষ্ট)
২১. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ... (সংশ্লিষ্ট থানা)
২২. নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং প্রকল্পসমূহের সকল কর্মকর্তা

(মোঃ আবদুল বাতেন)
সিনিয়র সহকারী সচিব (পৌর-১)
ফোনঃ ০২-৮১২৩৬৫৮

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরী

নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা

নং-নিকস/পৌর-১/সিংকঃ পরিঃ/১(১)/অংশ/২০০৯-১০/৫৫ তারিখ ঃ .... ১১ মে ২০১০
২৮ বৈশাখ ১৪১৭

প্রজ্ঞাপন

নং- নিকস/পৌর-১/সিংকঃ পরিঃ/১(১)/অংশ/২০০৯-১০/৫৫।- স্থানীয় সরকার (সিটি কর্পোরেশ) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১৫ অনুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচনের জন্য নির্বাচন কমিশন এতদ্বারা উল্লিখিত বিধিমালার বিধি ১৪ এর অধীন রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র গ্রহণ/বাতিলের বিরুদ্ধে দায়েরকৃত আপিল মীমাংসার জন্য নিম্নবর্ণিত কর্মকর্তাকে আপিল কর্তৃপক্ষ হিসাবে নিয়োগ করিতেছে :

সিটি কর্পোরেশনের নাম	আপিল কর্তৃপক্ষ হিসেবে নিয়োগ প্রাপ্ত কর্মকর্তা
১	২
চট্টগ্রাম	বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম

নির্বাচন কমিশনের আদেশক্রমে-

(মিহির সারওয়ার মোর্শেদ)
উপ-সচিব (নির্বাচন)
ফোন ঃ ০২-৮১১৬৩৭৭

প্রাপক
উপ-নিয়ন্ত্রক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং ৫০০ (পাঁচশত) কপি গেজেট বিজ্ঞপ্তি সরকারী কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল ঃ

৪৫. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৬. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৪৭. সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বংগভবন, ঢাকা
৪৮. সচিব, স্থানীয় সরকার বিভাগ/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সংস্থাপন মন্ত্রণালয়/ অর্থ মন্ত্রণালয়/ যোগাযোগ মন্ত্রণালয়/ তথ্য মন্ত্রণালয়/ নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪৯. প্রিন্সিপাল ষ্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫০. মহা-পুলিশ পরিদর্শক, ঢাকা
৫১. মহা-পরিচালক, বি,ডি,আর, পিলখানা, ঢাকা
৫২. মহা-পরিচালক, আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা
৫৩. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম ও আপীল কর্তৃপক্ষ
৫৪. যুগ্ম-সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫৫. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, চট্টগ্রাম
৫৬. উপ-সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫৭. উপ-সচিব (নির্বাচন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৫৮. পরিচালক, নির্বাচনী প্রশিক্ষন ইনস্টিটিউট, ঢাকা
৫৯. পুলিশ সুপার, চট্টগ্রাম
৬০. উপ-নির্বাচন কমিশনার, চট্টগ্রাম
৬১. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬২. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারদ্বয় ও সচিব মহোদয়, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা *(মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, মাননীয় নির্বাচন কমিশনারদ্বয় ও সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)*
৬৩. জেলা নির্বাচন অফিসার, ...(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
৬৪. থানা নির্বাচন অফিসার, ... (সংশ্লিষ্ট)
৬৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ... (সংশ্লিষ্ট থানা)
৬৬. নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচনী প্রশিক্ষণ ইনস্টিটিউট এবং প্রকল্পসমূহের সকল কর্মকর্তা

(মোঃ আবদুল বাতেন)
সিনিয়র সহকারী সচিব (পৌর-১)
ফোনঃ ০২-৮১২৩৬৫৮

গণ-বিজ্ঞপ্তি

যেহেতু, নির্বাচন কমিশন স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচনের জন্য নিম্নেবর্ণিত সময়সূচী ধার্য করিয়া প্রজ্ঞাপন জারী করিয়াছে ঃ

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়ন পত্র দাখিলের শেষ তারিখ	ঃ	২০ মে ২০১০ .... (বৃহস্পতিবার) ০৬ জ্যৈষ্ঠ ১৪১৭
(খ)	মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	ঃ	২২ মে ২০১০ ও ২৩ মে ২০১০ .... (শনিবার ও রবিবার) ০৮ জ্যৈষ্ঠ ১৪১৭ ও ০৯ জ্যৈষ্ঠ ১৪১৭
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	ঃ	০১ জুন ২০১০ .... (মঙ্গলবার) ১৮ জ্যৈষ্ঠ ১৪১৭
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	ঃ	১৭ জুন ২০১০ .... (বৃহস্পতিবার) ০৩ আষাঢ় ১৪১৭

এক্ষণে. সেহেতু, আমি, ... (নাম) , ... (পদবী) এবং রিটার্নিং অফিসার উক্ত বিধিমালার বিধি ১১ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারী করিতেছি যে, ... (সিটি কর্পোরেশনের নাম) সিটি কর্পোরেশনের মেয়র,............ নম্বর ওয়ার্ডের সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং .... নম্বর ওয়ার্ডের সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র আমার কার্যালয়ে, ... (স্থানে) .... (তারিখ) **সকাল ৯-০০ ঘটিকা হইতে বিকাল ৫-০০ ঘটিকা পর্যন্ত** সময়কালের মধ্যে গ্রহণ করা হইবে।

স্থান ....

তারিখ ঃ ....

উপ-সচিব, নির্বাচন কমিশন সচিবালয়
এবং
রিটার্নিং অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর উদ্ধৃতাংশ

মেয়র এবং কাউন্সিলরগণের যোগ্যতা ও অযোগ্যতা

৯। **মেয়র এবং কাউন্সিলরগণের যোগ্যতা ও অযোগ্যতা**।- (১) কোন ব্যক্তি মেয়র বা কাউন্সিলর নির্বাচিত হইবার যোগ্য হইবেন, যদি-

(ক) তিনি বাংলাদেশের নাগরিক হন;
(খ) তাহার বয়স পঁচিশ বৎসর পূর্ণ হয়;
(গ) মেয়রের ক্ষেত্রে সিটি কর্পোরেশনের যে কোন ওয়ার্ডের ভোটার তালিকায় তাহার নাম লিপিবদ্ধ থাকে;
(ঘ) সংরক্ষিত মহিলা আসনের কাউন্সিলরসহ অন্যান্য কাউন্সিলরদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ওয়ার্ডের ভোটার তালিকায় তাহার নাম লিপিবদ্ধ থাকে।

(২) কোন ব্যক্তি মেয়র বা কাউন্সিলর পদে নির্বাচিত হইবার জন্য এবং উক্তরূপ মেয়র বা কাউন্সিলর পদে থাকিবার যোগ্য হইবেন না, যদি তিনি-

(ক) বাংলাদেশের নাগরিকত্ব পরিত্যাগ করেন বা হারান;
(খ) কোন উপযুক্ত আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ বলিয়া ঘোষিত হন;
(গ) দেউলিয়া ঘোষিত হন এবং দেউলিয়া ঘোষিত হইবার পর দায় হইতে অব্যাহতি লাভ না করিয়া থাকেন;
(ঘ) কোন ফৌজদারী বা নৈতিক স্খলনজনিত অপরাধে দোষী সাব্যস্ত হইয়া অন্যূন দুই বৎসর কারাদণ্ডে দণ্ডিত হন এবং তাহার মুক্তিলাভের পর পাঁচ বৎসরকাল অতিবাহিত না হইয়া থাকে;
(ঙ) প্রজাতন্ত্রের বা সিটি কর্পোরেশনের বা কোন সংবিধিবদ্ধ সরকারি কর্তৃপক্ষের বা অন্য কোন স্থানীয় কর্তৃপক্ষের কোন লাভজনক পদে সার্বক্ষণিক অধিষ্ঠিত থাকেন;
(চ) কোন বিদেশী রাষ্ট্র হইতে অনুদান বা তহবিল গ্রহণ করে এইরূপ একটি বেসরকারি সংস্থার প্রধান কার্যনির্বাহীর পদ হইতে পদত্যাগ বা অবসর গ্রহণ বা পদচ্যুতির পর তিন বৎসর অতিবাহিত না করিয়া থাকেন;
(ছ) কোন সমবায় সমিতি এবং সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি ব্যতীত, সরকারকে পণ্য সরবারহ করিবার জন্য বা সরকার কর্তৃক গৃহীত কোন চুক্তির বাস্তবায়ন বা সেবা কার্যক্রম সম্পাদনের জন্য, তিনি তাহার নিজ নামে বা তাহার ট্রাস্টি হিসাবে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের নামে বা তাহার সুবিধার্থে বা তাহার উপলক্ষ্যে বা কোন হিন্দু যৌথ পরিবারের সদস্য হিসাবে তাহার কোন অংশ বা স্বার্থ আছে এইরূপ চুক্তিতে আবদ্ধ হইয়া থাকেন;

ব্যাখ্যা ঃ উপরি-উক্ত দফা (ছ) এর অধীন আরোপিত অযোগ্যতা কোন ব্যক্তির ক্ষেত্রে প্রয়োজ্য হইবে না যে ক্ষেত্রে-

(১) চুক্তিটিতে অংশ বা স্বার্থ তাহার উপর উত্তরাধিকারসূত্রে বা উইলসূত্রে প্রাপক, নির্বাহক বা ব্যবস্থাপক হিসাবে হস্তান্তরিত হয়, যদি না উহা হস্তান্তরিত হইবার পর ছয় মাস অথবা কোন বিশেষ ক্ষেত্রে রাষ্ট্রপতি কর্তৃক বর্ধিত সময় অতিবাহিত হয়; অথবা
(২) কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এ সংজ্ঞায়িত কোন পাবলিক কোম্পানীর দ্বারা বা পক্ষে চুক্তিটি সম্পাদিত হইয়াছে যাহার তিনি একজন শেয়ার হোল্ডার মাত্র, তবে উহার অধীন তিনি কোন লাভজনক পদে অধিষ্ঠিত পরিচালকও নহেন বা ম্যানেজিং এজেন্টও নহেন; অথবা
(৩) তিনি কোন যৌথ হিন্দু পরিবারের সদস্য এবং চুক্তিটি তাহার অংশ বা স্বার্থ নাই এইরূপ কোন স্বতন্ত্র ব্যবসা পরিচালনাকালে পরিবারের অন্য কোন সদস্য কর্তৃক সম্পাদিত হইয়াছে।

(জ) বা তাহার পরিবারের কোন সদস্য সংশিষ্ট সিটি কর্পোরেশনের কার্য সম্পাদনের বা মালামাল সরবরাহের জন্য ঠিকাদার হন বা ইহার জন্য নিযুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অংশীদার হন বা সিটি কর্পোরেশনের কোন বিষয়ে তাহার কোন প্রকার আর্থিক স্বার্থ থাকে বা তিনি সরকার কর্তৃক নিযুক্ত অত্যাবশ্যক কোন দ্রব্যের ডিলার হন;

(ঝ) বসবাসের নিমিত্ত গৃহ-নির্মাণের জন্য কোন ব্যাংক হইতে গৃহীত ঋণ ব্যতীত, মনোনয়নপত্র জমা দেওয়ার তারিখে তদ্‌কর্তৃক কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত কোন ঋণ বা উহার কোন কিস্তি পরিশোধে খেলাপী হইয়া থাকেন;

(ঞ) এমন কোন কোম্পানীর পরিচালক বা ফার্মের অংশীদার হন, যাহা কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত কোন ঋণ বা উহার কোন কিস্তি পরিশোধে, মনোনয়নপত্র জমা দেয়ার তারিখে খেলাপী হইয়াছে;

ব্যাখ্যা ঃ উপরি-উক্ত দফা (ঝ) ও (ঞ) এর উদ্দেশ্য সাধনকল্পে "ঋণ খেলাপী" অর্থে ঋণ গ্রহীতা ছাড়াও বন্ধকদাতা বা জামিনদার, যিনি বা তাহাদের স্বার্থ সংশ্লিষ্ট কোম্পানী বা ফার্ম Banker's Book of Account এ ঋণ খেলাপী হিসাবে চিহ্নিত আছে তাহাদেরকেও বুঝাইবে;

(ট) ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হইতে গৃহীত কোন ঋণ মেয়াদোত্তীর্ণ অবস্থায় অনাদায়ী রাখেন;

(ঠ) কর্পোরেশনের নিকট হইতে গৃহীত কোন ঋণ তাহার নিকট অনাদায়ী রাখেন বা কর্পোরেশনের নিকট তাহার কোন আর্থিক দায়-দেনা থাকে;

(ড) কর্পোরেশন কিংবা সরকার কর্তৃক নিয়োগকৃত নিরীক্ষকের প্রতিবেদন অনুযায়ী দায়যোগ্য অর্থ কর্পোরেশনকে পরিশোধ না করেন;

(ঢ) অন্য কোন স্থানীয় সরকার প্রতিষ্ঠান বা জাতীয় সংসদের সদস্য হন;

(ণ) কোন সরকারি বা আধা-সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা, স্থানীয় কর্তৃপক্ষ, সমবায় সমিতি ইত্যাদি হইতে নৈতিক স্খলনজনিত দুর্নীতি, অসদাচরণ ইত্যাদি অপরাধে চাকুরীচ্যুত হইয়া পাঁচ বৎসর অতিক্রান্ত না করেন;

(ত) সিটি কর্পোরেশনের তহবিল তসরুফের কারণে দণ্ডপ্রাপ্ত হন;

(থ) বিগত পাঁচ বৎসরের মধ্যে যে কোন সময়ে Penal Code, 1860 (Act No. XIV of 1860) এর section 189 ও 192 অনুযায়ী দোষী সাব্যস্ত হইয়া সাজাপ্রাপ্ত হন;

(দ) বিগত পাঁচ বৎসরের মধ্যে যে কোন সময়ে Penal Code, 1860 (Act No. XIV of 1860) এর section 213, 332, 333 ও 353 অনুযায়ী দোষী সাব্যস্ত হইয়া সাজাপ্রাপ্ত ও অপসারিত হন;

(ধ) কোন আদালত কর্তৃক ফেরারী আসামী হিসাবে ঘোষিত হন;

(ন) জাতীয় বা আন্তর্জাতিক আদালত বা ট্রাইব্যুনাল কর্তৃক যুদ্ধাপরাধী হিসাবে দোষী সাব্যস্ত হন।

(৩) প্রত্যেক মেয়র ও কাউন্সিলর প্রার্থী মনোনয়নপত্র দাখিলের সময় এই মধ্যে একই হলফনামা দাখিল করিবেন যে, উপ-ধারা (২) অনুযায়ী তিনি মেয়র বা কাউন্সিলর নির্বাচনের অযোগ্য নহেন।

*** *** *** *** *** *** ***